


যুগান্তর

বড়াইগ্রামে জেএসসি পরীক্ষা দিতে পারল না চার পরীক্ষার্থী

প্রকাশ : ০৭ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বড়াইগ্রাম (নাটোর) প্রতিনিধি

বড়াইগ্রামে পরীক্ষা শুরু ১০ মিনিট পর কেন্দ্রে উপস্থিত হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি চার শিক্ষার্থী। উপজেলার বনপাড়া সেন্ট যোসেফস্ স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে এ ঘটনা ঘটে। পরীক্ষা দিতে না পারা চারজনই উপজেলার দেওশিন উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী। তারা পুরনো পরীক্ষার্থী হিসেবে এবার পরীক্ষায় অংশগ্রহণ করছিল। মঙ্গলবার তাদের চার অভিভাবক এই প্রতিবেদকের কাছে নিজেদের সম্ভানের আরও একটি বছর নষ্ট হয়ে যাওয়ায় হতাশা প্রকাশ করেন। দেওশিন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল আওয়াল বলেন, আমার স্কুলের জেএসসি পরীক্ষার্থীদের মধ্যে সুমাইয়া, লাবনী, সজিব ও মোহন নামে চারজন গত বছর ফেল করায় এবার পুনরায় পরীক্ষায় অংশ নিচ্ছে। এবার পরীক্ষায় বিষয় পরিমার্জন করে বাংলা, ইংরেজি চার পত্রকে কমিয়ে দুই বিষয় করা হয়েছে। কিন্তু পুরনোদের ক্ষেত্রে দুই পত্রই বিদ্যমান রয়েছে। সোমবার ছিল পুরনোদের ইংরেজি দ্বিতীয় পত্র পরীক্ষা। রোববার ইংরেজি পরীক্ষা স্থগিত হওয়ায় তারা ভেবেছিল দুই পত্রই স্থগিত হয়েছে। তাদের এ ভুল ধারণার ফলে এমনটা হয়ে থাকতে পারে। তবে একটু দেরিতে হলেও কেন্দ্র সচিব চাইলে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিতে পারতেন। কেন্দ্র সচিব অধ্যক্ষ লাজারুশ রোজারিও বলেন, নির্দেশনা রয়েছে ৯টা ৩০ মিনিটের মধ্যে অবশ্যই সব পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে হবে। ওই চারজন ১০টা ১০ মিনিটে কেন্দ্রে এসেছে। বিধিমোতাবেক বিষয়টি বড়াইগ্রাম উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবহিত করা হয়। সেখান থেকে অনুমতি না পাওয়ায় আমার পক্ষেও অনুমতি দেয়া সম্ভব হয়নি।

বড়াইগ্রাম উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার পারভেজ বলেন, যে শিক্ষার্থী পরীক্ষার রুটিনই জানে না, আবার কেন্দ্রে হাজির হয় দেরি করে তাকে কেমন করে পরীক্ষা দেয়ার অনুমতি দেয়া যায়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।